

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮২৬

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

‘অভাবের তাড়নায় সন্তান বিক্রি’ শীর্ষক  
সংবাদের পরিপ্রেক্ষিতে তদন্তের নির্দেশ মুখ্যমন্ত্রীর

আজ আগরতলা থেকে প্রকাশিত কয়েকটি প্রভাতী দৈনিক পত্রিকায় ‘অভাবের তাড়নায় সন্তান বিক্রি’ শীর্ষক সংবাদটি মুখ্যমন্ত্রীর সচিবালয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এই বিষয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা উদ্বেগ প্রকাশ করেন এবং ঘটনার বিস্তারিত তদন্তের জন্য খোয়াই জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রীর নির্দেশে খোয়াইয়ের জেলাশাসক ঘটনার তদন্তের জন্য খোয়াই জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি প্রতিনিধি দলকে ঘটনাস্থলে পাঠিয়েছেন। তদন্তের প্রাথমিক রিপোর্ট পাওয়ার পরেই এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

\*\*\*\*\*